| উন্নয়নের গণতন্ত্র<br>শেখ হাসিনার মূলমন্ত্র | শেখ হাসিনার দর্শন<br>বাংলাদেশের উন্নয়ন | শেখ হাসিনার দর্শন<br>সব মানুষের উন্নয়ন |
|---|---|---|

উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

:-নোটিশ-:

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২২-৩৮৩ তারিখঃ ২৪.০৪.২০২৩ খ্রি.

কেন্দুয়া উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ মাসের মাসিক সাধারণ সভা আগামী ৩০ এপ্রিল ২০২৩ খ্রি: রোজ রবিবার বেলা ১২.০০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।

উল্লেখ্য যে, সভা অনুষ্ঠানের অন্ততঃ ০৩ দিন পূর্বে কার্যপত্র এবং বিগত সভার সিদ্ধান্ত সমূহ (স্ব-স্ব অংশ) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দসহ সংশ্লিষ্টদেরকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় আলোচ্য সূচীঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। এডিপি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা।
০৩। বিভাগীয় আলোচনা।
০৪। স্থায়ী কমিটি গঠন সংক্রান্ত আলোচনা।
০৫। হাট-বাজার বিষয়ে আলোচনা।
০৬। আইসিটি ও জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক আলোচনা।
০৭। গ্রাম আদালত বিষয়ক আলোচনা।
০৮। বিবিধ আলোচনা।

২৪/০৪/২০২৩
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

স্মারক নম্বরঃ ০৫.৪৫.৭২৪৭.০০০.০০.০০০.২২-৩৮৩ তারিখঃ ২৪.০৪.২০২৩ খ্রি.

বিতরণকার্যার্থেঃ -

........................................................ (সংশ্লিষ্ট সকল)
কেন্দুয়া, নেত্রকোণা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৯, নেত্রকোণা-৩ (কেন্দুয়া-আটপাড়া নির্বাচনী এলাকা)।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।

২৪/০৪/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা

**উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা এর এপ্রিল ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ**

সভাপতি ঃ জনাব মোঃ নুরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন ।
সভার তারিখ ঃ ৩০ এপ্রিল ২০২৩ খ্রি. সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: ক- দ্রষ্টব্য
অনুপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট: খ- দ্রষ্টব্য

উপজেলা পরিষদ সভার সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর মুখ্য নির্বাহী কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।

বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর অদ্যকার সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা করা হয় ও নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

<table>
<tr><th>ক্র:নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১.</td><td>উপজেলা প্রকৌশল (এলজিইডি বিভাগ)</td><td>উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ক) ২০২২-২৩ অর্থ বছরের এডিপি ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের সমন্বয়ে টেন্ডার প্রকল্পসমূহ Drawing design ও প্রাক্কলন প্রস্তুত করে গত ১১.০৪.২০২৩ ইং তারিখ দরপত্র নোটিশ প্রকাশ করা হয়েছে। দরপত্র নোটিশ অনুযায়ী গত ২৭.০৪.২০২৩ ইং তারিখ Tender opening করা হয়েছে। Tender Evaluation কাজ সম্পন্ন করে মে মাসের প্রথম সপ্তাহে লটারির মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হবে। মে মাসের মাঝামাঝি সময়ে সকল কাজের NOA প্রদান করে দ্রুত কাজ বাস্তবায়ন করা হবে। দ্রুত কাজ বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী সকল ইউপি চেয়ারম্যানবৃন্দের সহযোগিতা কামনা করেন।<br>খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে বিএডিসি ভবন ও গোডাউন জরাজীর্ণ হয়ে পড়ায় অনেক আগেই ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। এইসব বিল্ডিং এর পাশে সরকারি প্রাথমিক বিদ্যালয় থাকায় যেকোন সময় বিল্ডিং এর ইট খসে পড়ে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তাই দ্রুত অপসারণের জন্য উপজেলা প্রকৌশলী সভায় প্রস্তাব করেন।<br><table><tr><th>ক্র:নং</th><th>ভবনের নাম</th><th>ভবনের ধরন</th><th>টাকা</th></tr><tr><td>০১</td><td>বি,এ,ডি,সি</td><td>গোডাউন</td><td>৬২,৮৫৮/-</td></tr><tr><td>০২</td><td>বি,এ,ডি,সি</td><td>গোডাউন</td><td>১,০১,৭০০/-</td></tr><tr><td>০৩</td><td>বি,এ,ডি,সি</td><td>কোয়ার্টার</td><td>৩৯,৫৮৭/-</td></tr><tr><td>০৪</td><td>বি,এ,ডি,সি</td><td>অফিস</td><td>৭০,৯৪৩/-</td></tr><tr><td colspan="3">সর্বমোট</td><td>২,৭৫,০৮৮/-</td></tr></table><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, যে কোন দুর্ঘটনা এড়ানোর জন্য জরাজীর্ণ পুরাতন ভবন অপসারণ করা জরুরী।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে বিএডিসির পুরাতন ভবন দীর্ঘদিন যাবৎ অকেজো হয়ে থাকায় এইগুলো অপসারণ করা খুবই জরুরী।<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কেন্দুয়া, নেত্রকোণা কর্তৃক নিম্নোক্ত রাস্তাগুলো নতুন আইডিভুক্ত করার জন্য প্রস্তাব রাখেন।<br><table><tr><th>Road Id</th><th>Road Name</th><th>Length Km</th></tr><tr><td>372475243</td><td>Bairati Ashram Mur to Deopara Durgadham road</td><td>0.90</td></tr><tr><td>372475244</td><td>Chirang Royalbari road to Pathairkona village</td><td>1.30</td></tr><tr><td>372475245</td><td>Horipur Chowdhury Bari to Koshid Bafari House</td><td>1.00</td></tr><tr><td>372475246</td><td>Kalerper Bacho House to Khan Kha Sharif Mazar via Golap Ukil House</td><td>3.50</td></tr><tr><td>372475247</td><td>Sorapara Purbopara Main road Saidoli River via Abu Taher House</td><td>1.00</td></tr></table></td><td>ক) নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো।<br>খ) অকেজো বিএডিসি ভবন ও গোডাউন কনডেম ঘোষণা সহ নিলামে বিক্রয়ের অনুমতির জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের বরাবরে প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সে সাথে বিএডিসি'র যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র সংগ্রহের জন্য সিদ্ধান্ত হয়। গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাস্তাগুলো আইডিভুক্ত করার যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি</td></tr>
</table>

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | 372475248 | Gopalpur-Kendua road to Sorapara Siddikur Rahman House | 1.00 | | | |
| | | 372475249 | Moktijudda Mojibur Rahman road Pacherpara to Nowapara old Mosque | 0.70 | | | |
| | | 372475250 | Chandopara Topon Member House to Nazrul House road | 0.60 | | | |
| | | 372475251 | Chandopara Old Mosque to Kandapara road | 0.60 | | | |
| | | 372475252 | Rasel Milki House to Lovener Jangal | 1.50 | | | |
| | | 372475253 | Cilimpur Uttar Mosque to Pachpara Kadirbari road | 1.00 | | | |
| | | 372475254 | Sandikona Bashorbazar road to Machiali Gochogram road | 1.00 | | | |
| | | 372475255 | Bidyaballov Bazar –Borapara Madrasha road | 1.50 | | | |
| ২. | উপজেলা কৃষি বিভাগ | ০১.নিয়মিত কার্যক্রম : চলতি রবি মৌসুমে ২০৭১০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ হয়েছে যার মধ্যে হাইব্রিড ৩২০০ হেক্টর, উফশী ১৭৪৯০ হেক্টর, স্থানীয় ২০ হেক্টর। অদ্য পর্যন্ত হাওড়ে ৮৮.৩৪%,' নন হাওড়ে ১৩.১১%, উপজেলায় মোট ১৬.৮৫% বোরো ধান কর্তন হয়েছে। বিরুপ পরিস্থিতি মোকাবেলায় শতকরা ৮০ ভাগ ধান পাকলে কৃষকদের কর্তন করার পরামর্শ দেয়া হচ্ছে। বর্তমানে সার ও কীটনাশক মজুদ পরিস্থিতি স্বাভাবিক রাখতে মনিটরিং চলমান এবং কোন প্রকার সংকট নেই।<br>০২.উন্নয়ন প্রকল্প সংক্রান্ত বিষয়: অত্র উপজেলায় বিভিন্ন ফসলে আধুনিক জাত সম্প্রসারণের জন্য চলতি রবি মৌসুমে ব্রিধান ৫৮, ব্রিধান ৭৪, ব্রিধান ৮১, ব্রিধান ৮৪, ব্রিধান ৮৮, ব্রিধান ৮৯, ব্রিধান ৯৬, বঙ্গবন্ধু ধান ১০০ এবং বোরো হাইব্রিড ধান SL8H, এসিআই-১, এসিআই -২, ফলন, তেজ গোল্ড ও সুবর্ণ-৩ সহ অন্যান্য আধুনিক জাত চাষ করা হয়েছে।<br>এছাড়া পরিবেশবান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ সবজি উৎপাদনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ স্থাপন, মাটির স্বাস্থ্য সুরক্ষায় পরিবেশবান্ধব ভার্মি কম্পোষ্ট ও ট্রাইকো কম্পোষ্ট সার উৎপাদন ব্যবহার ও কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>৬টি ইউনিয়নে সরাসরি কৃষকদের সেবা দানের জন্য ফিয়াক সেন্টার স্থাপন করা হয়েছে এবং প্রকল্পের সিআইজি সমিতি কার্যাক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>এছাড়াও সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ভর্তুকী মূল্যে ৫টি কম্বাইন হারভেস্টার, ১৫টি রিপার, ৪টি পাওয়ার থ্রেসার ও ৩টি মেইজ শেলার বরাদ্দ প্রদান করা হয়েছে যা শীগ্রই বিতরণ করা হবে।<br>০৩.কৃষি. প্রণোদনা কার্যাক্রম: ২০২২-২৩ অর্থ বছরে কৃষি প্রণোদনা কার্যাক্রমের আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ৫৫০ জনকে আউশ ধান ফসলের বিনামূল্যে বীজ ও সার বিতরণ এবং ৫০০ জনকে বিনামূল্যে পাট বীজ বিতরণ করা হয়েছে। তাছাড়া অফিসের কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | | | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৩. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, কেন্দুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কার্যক্রম যথারীতি ভাবে চলমান।<br>১. গরীব অসহায় রোগীদের প্রাধান্য দিয়ে নিয়মিত সিজারিয়ান সেকশন চালু আছে হাসপাতালে।<br>২.আউটডোরে গতমাসে ৬৫৭১ জনকে চিকিৎসা সেবা গ্রহণ করেছে।<br>২.জরুরি বিভাগে ১১৫৬ জন এবং ইনডোর বিভাগে ৬৬৩ জন চিকিৎসা সেবা গ্রহণ করেছে।<br>৩.NCD corner এ অসংক্রামক রোগ যেমন হাইপারটেনশন,ডায়াবেটিস এসব রোগের সেবা কার্যক্রম শুরু হয়েছে।<br>৪.মাঠ পর্যায়ে ইপিআই চলমান রয়েছে।<br>৫.টিকা স্বল্পতায় কোভিড-১৯ টিকা কার্যক্রম সাময়িক স্থগিত রয়েছে।<br>৬.হাসপাতালের ৫ জন পরিচ্ছন্নতা কর্মীর মধ্যে ৩ জনই না থাকায় পরিষ্কার পরিচ্ছন্নতা ব্যহত হচ্ছে।<br>৭.কর্মকর্তা কর্মচারী নিয়মিত উপস্থিত থেকে তাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছে।। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | | | | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাণি বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, আশুজিয়া ও বলাইশিমুল দুটি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্পেইন ও উঠান বৈঠক। প্রতি ইউনিয়নে টিকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। প্রতি ইউনিয়নে এ আই টেকনিশিয়ান দ্বারা কৃত্রিম প্রজনন কার্যক্রম অব্যাহত রয়েছে। এপ্রিল মাসে ৮৯৫ টি গাভীকে কৃত্রিম প্রজননের আওতায় আনা হয়েছে। ৪৭৬৪ টি গবাদিপশু ও ৬১৮০০ টি হাঁস - মুরগীকে চিকিৎসা দেওয়া হয়েছে। তাছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৫. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মোবাইল কোর্ট পরিচালনা করে ৭৫০০০/- টাকা জরিমানা করার জন্য উপজেলা প্রশাসন এবং পুলিশ প্রশাসনকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরবর্তীতে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উন্মুক্ত জলাশয়ে দেশীয় প্রজাতির মাছ রক্ষার জন্য অবৈধ বাঁধ এবং জাল উচ্ছেদ করার জন্য উপজেলা প্রশাসন এবং স্থানীয় সরকার প্রতিনিধিদের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। মাছের খাবারের মান ঠিক রাখার জন্য খাদ্য দোকানগুলোতে অভিযান পরিচালনা করার জন্য অনুরোধ করেন। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১। প্রধান শিক্ষক পদে পদোন্নতি সংক্রান্ত: উপজেলার ১৮২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে শূন্য পদ ৪৭টি এবং চলতি দায়িত্বপ্রাপ্ত ৪৩টি পদে পদোন্নতির কার্যাক্রম চলমান আছে।<br>২। উপবৃত্তি সংক্রান্ত: অত্র উপজেলার ১৮২টি বিদ্যালয়ের উপবৃত্তি বিতরণের কার্যাক্রম মে/২০২৩ মাসে শুরু হবে।<br>৩। স্লীপ কার্যাক্রম: ইতিমধ্যে অত্র উপজেলার ১৮২টি বিদ্যালয়ের মধ্যে বরাদ্দ প্রাপ্ত ১৮১টি বিদ্যালয়ের ১ম পর্যায়ের বিল পাশ হওয়ার পর বিদ্যালয়ের প্রধান শিক্ষকের হিসাব নম্বরের মাধ্যমে বিলের টাকা পরিশোধ করা হয়েছে এবং দ্বিতীয় পর্যায়ের বিল ভাউচার ১৫ মে ২০২৩ তারিখের মধ্যে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। | দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ৭. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি কর্মসুচির আওতায় বরাদ্দ দিয়েছে ১৬২৫ জনের । বরাদ্দের প্রেক্ষিতে এবং ২০২৩-২৪ চক্রের ভিডব্লিউবি মার্চ ২০২৩ ডিও চিঠি দেওয়া হয়েছে। এবং মাসিক সঞ্চয় ২২০/- টাকা হারে বলা হয়। মা ও শিশু ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ আসে। চলমান আবেদন অনলাইনে করা হচ্ছে। যাহা চলমান রয়েছে। মা ও শিশু পৌরসভা ২০২২-২৩ অর্থ বছরের বরাদ্দ আসে এবং আবেদন চলমান রয়েছে। (wtc) সেলাই এমব্রডারী প্রশিক্ষন সেন্টার ৩০ জন এর পরিবর্তে ১০ জন প্রশিক্ষনার্থীর কাজ চলমান। কিশোর কিশোরী ক্লাব ১৩টি ইউনিয়ন ও ০১টি পৌরসভা মোট ১৪টি ক্লাবে সংগীত ও আবৃত্তি ক্লাস চলমান আছে। আইজিএ প্রশিক্ষণ ট্রেড বিউটিফিকেশন ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ কাজ সাময়িকভাবে বন্ধ আছে। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কেন্দুয়া |
| ৮. | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া সভায় জানান যে, বর্তমানে বিদ্যুৎ বিভাগ আর্থিক সংকটে আছে। কেন্দুয়া উপজেলায় ৯০,০০০ গ্রাহকদের মধ্যে প্রায় ৫ কোটি টাকা বকেয়া আছে। বকেয়া আদায়ের জন্য প্রতিটি ইউনিয়নে ক্রাশ প্রোগ্রাম চলছে। সরকারী দপ্তরের বকেয়া আদায়ের জন্য সকল দপ্তরের প্রধানগনের প্রতি এবং সকল ইউনিয়নের চেয়ারম্যানগনের প্রতি বিদ্যুৎ গ্রাহকদের নিকট হইতে বকেয়া আদায়ের সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। তাছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কেন্দুয়া |
| ৯. | পল্লী দারিদ্র্য বিমোচন বিভাগ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায়ের হার ৯৭%। তাছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা |
| ১০. | ফায়ার সার্ভিস | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সভায় জানান যে, কেন্দুয়া বাজারকে রক্ষার জন্য বাজারের পুকুরটি মেরামত করার জন্য অনুরোধ করেন। তাছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, কেন্দুয়া |
| ১১. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, সকলকে পবিত্র ঈদ উল ফিতরের শুভেচ্ছা জানান। তাছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১২. | যুব উন্নয়ন কর্মকর্তা | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কর্মীদের প্রত্যায়নপত্র জুন/২৩ খ্রি: মাসের সহ ২২.০৬.২৩ খ্রি: তারিখের মধ্যে সকল দপ্তর প্রধান এবং ইউপি চেয়ারম্যানগন প্রত্যায়ন পত্র জমা দিতে অনুরোধ করেন। জুন ২০২৩ মাসের বেতন ৩০.০৬.২০২৩ খ্রি তারিখের মধ্যে পরিশোধ | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করতে হবে। অন্যান্য ন্যাশনাল কর্মীরা বকেয়া টাকা পাবে না। দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ১৩. | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, রামপুর হতে বেখৈরহাটি পর্যন্ত মেয়াদ উত্তীর্ণ ৬.০০ কি:মি: স্ট্রীপ বাগান বিক্রয়ের জন্য মাইকিং করার পরিকল্পনা আছে। তাছাড়া পরবর্তীতে বিশেষ কোন কার্যক্রম থাকলে তা অত্র সভায় উপস্থাপন করা হবে বলে সভায় জানান। | নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কর্মকর্তা |
| ১৪. | চেয়ারম্যান মোজাফরপুর ইউপি | চেয়ারম্যান, মোজাফরপুর ইউপি সভায় বলেন যে, কেন্দুয়ার একমাত্র হাওর জালিয়ার হাওরা এই হাওরে ২৮ ধান মোটামুটি সবাই করে। ২৮ ধান খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে। যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদেরকে ভর্তুকি দেওয়ার জন্য সভায় প্রস্তাব করেন। তাছাড়া বন বিভাগের মাধ্যমে ক্ষতিগ্রস্থ গাছগুলোর যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা বন কর্মকর্তা নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, |
| ১৫. | চেয়ারম্যান চিরাং ইউপি | চেয়ারম্যান, চিরাং ইউপি সভায় জানান যে, আদমপুর হাসপাতালের টিএইচও সাহেবকে ফোন দেওয়ার পরেও তিনি ফোন ধরে নাই। হাসপাতালের অবস্থা খুবই খারাপ। সুতী নদীটি পুরোপুরি ভরাট হয়ে যাচ্ছে। এলাকার কিছু লোকজন নিয়ে নদীটি উদ্ধার করেছে মর্মে সভায় জানান। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, |
| ১৬. | চেয়ারম্যান, গন্ডা ইউপি | চেয়ারম্যান, গন্ডা ইউপি সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে রাস্তায় হেয়ারিং বন্ডের কাজ হয়েছিল। ১ বছর হয়ে গেল কাজ বন্ধ। কাজটি দ্রুত শেষ করার জন্য অনুরোধ করেন। গন্ডা বাজার থেকে গরুর হাট রাস্তাটি ভেঙ্গে গেছে। রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী |
| ১৭. | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি | চেয়ারম্যান, রোয়াইলবাড়ী ইউপি সভায় জানান যে, ৪০ দিন কর্মসূচির কাজের টাকা আসে নাই। তাতী পাড়া বাঁশের ব্রিজটি দেখার জন্য অনুরোধ করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ১৮. | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি | চেয়ারম্যান, গড়াডোবা ইউপি সভায় জানান যে, হাসকান্দা শিমুলতলা হইতে খরমহরী রাস্তায় গন সাহায্য সংস্থা হইতে আজ থেকে প্রায় ৩০ বৎসর পূর্বে বৃক্ষ রোপন করা হয়েছিল যাহা মেয়াদত্তীর্ণ হয়েছে বহদিন পূর্বে বর্তমানে এই গাছগুলি সামান্য ঝড়ে রাস্তায় পড়ে যায়। মানুষ চলাচলে ভীষণ কষ্ট হচ্ছে। ইতোমধ্যে রাস্তার পরিস্কারের জন্য বিভিন্ন জায়গায় গাছ কেটে রাখা হয়েছে। এতে করে চুরেরা গাছ চুরি করে নিয়ে যাচ্ছে। এতে ইউনিয়ন পরিষদের রাজস্ব ও সরকারের রাজস্ব ক্ষতি হচ্ছে। উক্ত গাছগুলোর যথাযথ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। | উপজেলা বন কর্মকর্তা নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি), উপজেলা বন কর্মকর্তা |
| ১৯. | চেয়ারম্যান, কান্দিউড়া ইউপি | চেয়ারম্যান, কান্দিউড়া ইউপি সভায় জানান যে, কান্দিউড়া ইউনিয়নে কেন্দুয়া টু নেত্রকোণা সিসি রাস্তায় স্বল্প টেংগুরী হতে দিঘলকুর্শা তারাকান্দিয়া ও গোগ হয়ে রাস্তার গাছগুলো মরে যাচ্ছে এবং হেলে পড়ে যাচ্ছে। কেন্দুয়া টু মদন সিসি রাস্তায় পৌরসভার শেষ সীমানা কুতুলি হতে পুলিশ ফাঁড়ি পর্যন্ত রাস্তার গাছগুলোও হেলে যাচ্ছে ও মরে যাচ্ছে। রাস্তায় গাড়ি চলাচলের ব্যাহত হচ্ছে। গাছগুলো কর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ করেন। | উপজেলা বন কর্মকর্তা নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী (এলজিইডি), |
| ২০. | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, স্থায়ী কমিটির কোন সভা হচ্ছে না। স্থায়ী কমিটির সভা করার জন্য অনুরোধ করেন। তাছাড়া হাসপাতালের পরিবেশটা সুন্দর করার জন্য সভায় প্রস্তাব করেন। | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ২১. | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তার কার্যালয় হতে ২ জন খামারীকে গরু ক্রয় করে সেড নির্মাণ করে দেওয়া হয়েছে। সেড ও খামারীর নাম জানার জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | ...ন, ...জেলা ...রিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজের হলরুম নির্মাণ স্থলে ২৮টি গাছ বিক্রয়ের জন্য স্থানীয় সরকার বিভাগের ১৮.০৪.২০২৩ ইং তারিখের ৪৬.০৪৫.০১৮.০১.৫৭.২০১৬.২৪৫ নং স্মারক মূলে গাছ নিলামে বিক্রির জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া যায় এবং পরিষদের অভ্যন্তরে মরা, ঝরে উপড়ে পড়া ও বিনিষ্টযোগ্য ৮৩টি গাছ নিলামে বিক্রয়ের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয়ের কার্যালয়ের, স্থানীয় সরকার শাখার ২৩.০৩.২০২৩ ইং তারিখের ০৫.৪৫.৭২০০.০১.৩৮.০০২.১৬.১৪১ নং স্মারক মূলে প্রশাসনিক অনুমোদন পাওয়া যায়। তাই স্থানীয় পত্রিকার বিজ্ঞপ্তি সহ দরপত্রের মাধ্যমে গাছগুলো নিলামে বিক্রয়ের জন্য প্রস্তাব করেন।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের ২৩ মার্চ ২০২৩ ইং তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২২-১৯৩ নং স্মারক মূলে নিম্নে উল্লেখিত কাজ গুলো বাস্তবায়নের জন্য মন্ত্রণালয় হতে ১০.০০ লক্ষ টাকা বরাদ্দ সহ অনুমোদন পাওয়া যায়। তাই কাজগুলো পিআইসির মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।<br>১। উপজেলা পরিষদের ডরমেটরী ভবনের দরজা জানালা মেরামত ও রংকরণ কাজ পার্ট-০১<br>২। উপজেলা পরিষদের ডরমেটরী ভবনের দরজা জানালা মেরামত ও রংকরণ কাজ পার্ট-০২<br>৩। উপজেলা পরিষদের দক্ষিণের রাস্তা হতে ডরমেটরী পর্যন্ত রাস্তা মেরামত কাজ।<br>৪। উপজেলা পরিষদের বুলবুলি ভবনের দরজা জানালা মেরামত, প্লাস্টার ও রংকরণ কাজ।<br>৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের দরজা জানালা মেরামত ও গাড়ীর গ্যারেজ মেরামত, বাউন্ডারি ওয়াল মেরামত ও রং করণ কাজ। | ক) উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজের হলরুম নির্মাণ স্থলে ২৮টি গাছ দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য এবং পরিষদের অভ্যন্তরে ঝরে, উপড়ে পড়া ও বিনিষ্টযোগ্য ৮৩টি গাছ দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) স্থানীয় সরকার বিভাগের ২৩ মার্চ ২০২৩ ইং তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২২-১৯৩ নং স্মারক মূলে অনুমোদিত ও বরাদ্দকৃত ১০.০০ লক্ষ টাকার কাজ ০৫টি প্রকল্প পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| বিবিধ -১ | বিবিধ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নিম্নবর্ণিত ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করেন।<br>ক) উপজেলা পরিষদের দক্ষিণ পূর্ব কোনায় বাউন্ডারি ওয়াল মেরামত বাবদ ৮,০৫৫/- টাকা চেক নং-৬২০৫০২৩ তারিখ: ২০.০৩.২০২৩ মূলে জনাব মো: নাজিম উদ্দিন, অফিস সুপারকে প্রদান।<br>খ) উপজেলা পরিষদের ফটোকপি মেশিন সার্ভিসিং ও আনুষাংগিক কাজের বিল বাবদ৩,৭৫৯/- টাকা চেক নং-৬২০৫০২৬ তারিখ: ২০.০৩.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাটমুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপারেটরকে প্রদান।<br>গ) জনাব হাদিস মিয়া, পিতা-মৃত জালাল উদ্দিন, গ্রাম-দলপা,কেন্দুয়াকে মানবিক কারণে আর্থিক সাহায্য হিসেবে ৩০০০/- টাকা চেক নং-৬২০৫০৩০ তারিখ: ২০.০৩.২০২৩ মূলে প্রদান।<br>ঘ) জনাব ছায়া রানি, স্বামী-নগেন্দ্র চন্দ্র, সাউদপাড়া, কেন্দুয়াকে সাউদপাড়া হরিসভা ও শিব মন্দির সংস্কার বাবদ ৩০০০/- টাকা চেক নং-৬২০৫০৩১ তারিখ: ২১.০৩.২০২৩ মূলে প্রদান।<br>ঙ)জনাব সাবুদ আলি, পিতা-আব্দুল আলী মুন্সি, গ্রাম-বাহাগুন্দ ,কেন্দুয়াকে শারীরিক চিকিৎসার জন্য আর্থিক সাহায্য হিসেবে ১০,০০০/- টাকা চেক নং-৬২০৫০৩৬ তারিখ: ২৯.০৩.২০২৩ মূলে প্রদান।<br>চ) উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রের জন্য জায়নামাজ, ঘড়ি, মপ, বালতি, পাপুস ইত্যাদি ক্রয় এবং ডরমেটরী ভবনের পাশে গর্ত ভরাট কাজের বিল বাবদ৮৭২৬/- টাকা চেক নং-৬২০৫০৩৭ তারিখ: ৩০.০৩.২০২৩ মূলে জনাব আমান উল্লাহ, সাটমুদ্রাক্ষরিক কাম-কম্পি: অপারেটরকে প্রদান। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ব্যয়োত্তর অনুমোদিত। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| বিবিধ -২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন যে, জীপগাড়ি নেত্রকোণা ঘ-১১০০৩২ দীর্ঘদিন যাবৎ নানাবিধ সমস্যা দেখা দিচ্ছে। তাই উক্ত গাড়ী মেরামত করা প্রয়োজন। গাড়ী মেরামতের লক্ষ্যে ১,৮৪,৯৮০/- (এক লক্ষ চুরাশি হাজার নয়শত আশি) টাকা ব্যয় হতে পারে। বিআরটিএ, নেত্রকোণা কর্তৃক প্রত্যয়ন দিয়েছেন। (নিম্ন বর্ণিত ছক)। | উপজেলা পরিষদের গাড়ী মেরামতের লক্ষ্যে ১,৮৪,৯৮০/- (এক লক্ষ চুরাশি হাজার নয়শত আশি) টাকার ব্যয় অনুমোদনের প্রয়োজন বিধায় উক্ত প্রস্তাবনা সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় বরাবরে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার |

## <u>ছক</u>

| ক্র:নং | যন্ত্রাংশের নাম | পরিমান | মূল্য | মোট |
|---|---|---|---|---|
| ০১. | চাকার টায়ার টিউব, ডানলপ জাপান-২০৫-R-১৬ | ০৪ টি | ২৪,৫২০/- | ০৪×২৪,৫২০/-=৯৮,০৮০/- |
| ০২. | ব্যাটারি NS70-১২ ভোল্ট | ০১ টি | ১২,২৭০/- | ১২,২৭০/- |
| ০৩. | বলজয়েন্ট | ০১ সেট | ৭,৪৮০/- | ৭,৪৮০/- |
| ০৪. | টায়ারড এন্ড | ০১ সেট | ৫,৯৪০/- | ৫,৯৪০/- |
| ০৫. | স্টেয়ারিং আর্ম | ০২ সেট | ৪,৪০০/- | ০২×৪,৪০০/-= ৮,৮০০/- |
| ০৬. | ব্রেক-সু | ০১ সেট | ৭,৪৮০/- | ৭,৪৮০/- |
| ০৭. | ব্রেক প্যাড | ০১ সেট | ৫,৮৩০/- | ৫,৮৩০/- |
| ০৮. | রেডিওয়াটার | ০১ সেট | ২৪,২০০/- | ২৪,২০০/- |
| ০৯. | ইঞ্জিন টাইমিন বেল্ট | ০১ সেট | ৯,৯০০/- | ৯,৯০০/- |
| ১০. | উক্ত যন্ত্রাংশ খোলা ফিটিং মজুরী বাবদ | ---- | ৫,০০০/- | ৫,০০০/- |
| সর্বমোট | | | | ১,৮৪,৯৮০/- (কথায়: এক লক্ষ চুরাশি হাজার নয়শত আশি) টাকা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৪/২৩
(মো: নুরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ ৩০ এপ্রিল ২০২৩ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৩৭৩
<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫৯, নেত্রকোণা -৩, (কেন্দুয়া - আটপাড়া) নির্বাচনী এলাকা ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। জেলা প্রশাসক, নেত্রকোণা ।

৩০/০৪/২৩
(কাবেরী জালাল)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা।
তারিখঃ৩০ এপ্রিল ২০২৩ খ্রি.

স্মারক নং ০৫.৪৫.৭২৪৭.০০৯.০৬.০০২.২৩-৩৭৩
<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কেন্দুয়া, নেত্রকোণা ।
২। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, কেন্দুয়া পৌরসভা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৩। উপজেলা ............................................ কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোণা ।
৪। চেয়ারম্যান ............................................ ইউনিয়ন পরিষদ (সকল), কেন্দুয়া, নেত্রকোণা।
৫। অফিস কপি।

৩০/০৪/২৩
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কেন্দুয়া, নেত্রকোণা